

হলে উচ্চ শব্দে গান-বাজনায় অতিষ্ঠ ইবি শিক্ষার্থীরা

ইবি প্রতিনিধি

০৫ ডিসেম্বর ২০২৩, ০৯:০২ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলে গভীর রাত পর্যন্ত উচ্চ শব্দে গান-বাজনায় অতিষ্ঠ শিক্ষার্থীরা। এতে পড়াশোনা ও ঘুমের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হচ্ছে। তাই দুর্ভোগ থেকে বাঁচতে যথাযথ ব্যবস্থা নিতে আজ মঙ্গলবার দুপুর আড়াটায় প্রস্তর বরাবর লিখিত অভিযোগ দেন তারা।

আবাসিক হলের শিক্ষার্থীদের পক্ষে লিখিত অভিযোগপত্রে সংহতি জানান, মো. মুজাহিদুল ইসলাম (১ নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক, ইবি ছাত্রলীগ), সোহাগ শেখ (সাংগঠনিক সম্পাদক, ইবি ছাত্রলীগ), মো. আল-আমিন হোসেন (ফিল্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ), মো. সাজাদ হোসেন (পরিসংখ্যান বিভাগ), মারফুল ইসলাম (বাংলা বিভাগ), মিজানুর রহমান মিজান (আরবি বিভাগ)।

লিখিত অভিযোগে তারা বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছেলেদের হলগুলোতে প্রায়ই রাতে উচ্চ শব্দে গান বাজানো হয়। কয়েকবার নিষেধ করার পরেও তা বন্ধ হয়নি। প্রতিনিয়ত গভীর রাত পর্যন্ত গানবাজনা, উচ্চ শব্দে মাইক বাজানোর ফলে শিক্ষার্থীরা তাদের পড়াশোনায় মনযোগ দিতে পারছে না। এ বিষয়ে হল কর্তৃপক্ষকে বারবার বলার পরও কোনো সুরহা হয়নি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগের ছাত্র ও বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. মুজাহিদুল ইসলাম বলেন, ‘দীর্ঘদিন ধরে রাত হলেই উচ্চ শব্দে মাইক বাজানো হয়। আজ আমার পরীক্ষা ছিল, গতকাল সারারাত কিছু করতে পারিনি। এভাবে গভীর রাত পর্যন্ত মাইকের শব্দে জনজীবন অতিষ্ঠ মনে হয়। বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।’

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক ড. শাহাদাত হোসেন আজাদ বলেন, ‘আমরা শিক্ষার্থীদের অভিযোগ পাওয়া মাত্রই ৫ মিনিটের মধ্যে রেজিস্ট্রার বরাবর নোট পাঠিয়ে দিয়েছি। আগামীকাল বুধবার ১২টায় বিষয়টি নিয়ে উপাচার্য কার্যালয়ে মিটিং করা হবে। ভোগান্তির ব্যাপারে কড়াকড়ি সিদ্ধান্ত আরোপ করা হবে। শিক্ষার্থীদের ভোগান্তি হয় এমন কোনো কাজ থেকে বিরত থাকতে মিটিংয়ে নির্দেশ দেওয়া হবে।’

[ইসলামী বিশ্ববিদ্যালয় \(ইবি\)](#)

[খুলনা বিভাগ](#)